প্রেরণার পাঠ দিতে খিদিরপুরের জিলিয়ান হাসলাম আজ শহরে

Jul 22, 2014, 08.39 AM IST

নিবন্ধ | মন্তব্য

MORE

139 Like | 6 Tweet | 2 +1 | Comments



Income Tax Returns Online
www.taxsmile.com/Income-Tax-Returns - eFiling Made Simple on Taxsmile. Start Filing IT Returns for Free!

Ads by Google

এই সময়: বাস্তবের স্লামডগ মিলিয়নেয়ার!

খিদিরপুরের ঘিঞ্জি বস্তিতে শৈশব কাটিয়ে যে নারী এখন লক্ষ-কোটির মালকিন, তাঁকে আর কী-ই বা বলা যায়! দিনের পর দিন না-খেয়ে থাকা, বাঁচার জন্য ভিক্ষে করা আর চোখের সামনে অপুষ্টিতে ভাই-বোনকে মরতে দেখতে অভ্যস্ত চোখ গুলো অবশ্য আটকে থাকেনি ফুটপাথে। থমকে যায়নি লেখাপড়াও। শহর ছেড়ে প্রথমে দিল্লি আর পরে লন্ডন পাড়ি দিয়ে সেই কিশোরী, জিলিয়ান হাসলামই এখন বিলেতের খ্যাতনামা লেখিকা তথা কর্পোরেট ব্যক্তিত্ব। তবে শিখরে উঠেও মাথা ঘুরে যায়নি জিলিয়ানের। ৪২-এ পৌঁছেও শিকড়ের টানে বার বার তিনি ফেরেন শৈশবের ভূমিতে। সাহায্যের হাত বাড়িয়ে দেন, যাতে দুর্গত মানুষের মুখে একটু হাসি ফোটে। সেই টানেই আজ, মঙ্গলবার ফের কলকাতায় জিলিয়ান।

একটি বণিকসভার অনুষ্ঠানে কর্পোরেট জগতের লোকজনকে প্রেরণার পাঠ দেবেন তিনি। শোনাবেন তাঁর জীবনযুদ্ধের লড়াকু কাহিনি। সাধারণ মানুষকে অসাধারণ কাজ করার টোটকা বাতলাবেন জিলিয়ান। ওই বণিকসভার জনসংযোগ সংস্থার তরফে জানানো হয়েছে, 'মোটিভেশনাল স্পিকার' হিসেবে এখন তাঁর জগৎজোড়া নামডাক। রয়্যাল ব্যাঙ্ক অফ স্কটল্যান্ড (আরবিএস)-এর এগজিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট জুলি ম্যাকিনলে থেকে শুরু করে বিলেতের যুবশিক্ষা বিভাগের প্রধান ডেলিসিয়া জোনস কিংবা বিখ্যাত কুইজ মাস্টার তথা প্রাক্তন সাংসদ নিল ও'ব্রায়েন-- বাধ্য ছাত্রের তালিকায় কে নেই তাঁর উদ্বুদ্ধ করার ক্লাসে! প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিন্টন ও প্রাক্তন মার্কিন বিদেশ সচিব হিলারি ক্লিন্টনের বিশেষ স্নেহধন্য জিলিয়ান 'ইন্ডিয়ান ইংলিশ' বইটি লিখে এখন আরও বিখ্যাত। সেই বইয়ের ভিত্তিতে চিত্রনাট্যও লেখা হচ্ছে বিলেতে।

জিলিয়ানের জীবনের গল্প পরতে পরতে হার মানায় উপন্যাসকে। বাবা ব্রোল্যান্ড টেরেন্স হাসলাম ছিলেন ব্রিটিশ সেনাবাহিনীতে। ভারত স্বাধীন হওয়ার পর ইংল্যান্ডে ফেরার মতো আর আর্থিক সামর্থ ছিল না পরিবারের। টানাটানির সংসারে অসুখের থাবা পড়তে দেরি হয়নি। মা-বাবা আর জিলিয়ানের ১২ ভাই-বোনের পরিবারে অনাহারই ছিল রোজনামচা। বাবা, তিন ভাইবোনের অকালমৃত্যুতে অবশ্য ভেঙে পড়েনি সাহসী কিশোরী। পড়াশোনা শেষ করে শহর ছেড়ে দিল্লি গিয়ে কাজ জুটিয়েছেন বহুজাতিক ব্যাঙ্কিং সংস্থায়। তার পর আর পিছনে ফিরে তাকাতে হয়নি। নতুন জীবন দিয়েছেন মা, ভাই-বোনদের। পাড়ি দিয়েছেন লন্ডন। থিতু হয়ে পরিবারের সকলকে নিয়ে গিয়েছেন সে দেশে। জিলিয়ান অবশ্য এখনও নিজেকে ভারতীয় ছাড়া অন্য কিছু ভাবেন না। তাই এ দেশের গরিবগুর্বোর জন্য কিছু করার তাগিদেই বার বার ছুটে আসেন কলকাতায়।

এই কাহিনীতে মোট ধারাভাষ্য অন্যান্য পাঠকদের কাছ থেকে মন্তব্য পড়ুন এবং আপনার মন্তব্যটি লিখুন.

Class VI to X CBSE Notes
www.thedigilibrary.com/CBSE-NOTES - Free Ncert Solutions,Video,Notes & More. Register

টাটকা খবর | নজরকাড়া | সরগরম | তর্কেতুফান

- সলমন আর আমি এখন বন্ধু: শাহরুখ
- ধর্ষণের অভিযোগ আনা এখন ফ্যাশন, মন্তব্য শিবসেনা
- ফ্রিজে এই ১০ নয়!
- মীন রাশি
- কুম্ভ রাশি

অধিক>>

রাষ্ট্র খবর

- বিড়লাদের দূষণহীন কারখানায় আশ্বস্ত মমতা
- গাছে চড়ে আত্মহত্যার হুমকি নেতাজি-প্রেমীর
- পারিবারিক বিরোধে রাষ্ট্রপতির সভায় নেই মৌসম
- চাকরির ঢালাও প্রতিশ্রুতি মমতার
- ষণ্ডের তাণ্ডবে ভাগলবা ওসি-বিডিওরাও

অধিক>>

TIMESPOINTS

সব | ইএস | আমার প্রোফাইল

Today | Last 7 Days | Last 30 Days | Last 365 Days

	Tarak Das Silver Points: 190	1
	Ashok Nalla Gold Points: 108	2
	Nitesh Tiwari Gold Points: 104	3
	Rajib Das Silver Points: 99	4
	Drsdebgupta Gold Points: 96	5